অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

2020 সালের আদমশুমারি আউটরিচ তহবিলের (CENSUS OUTREACH FUNDING) জন্য আবেদন উন্মুক্ত করলেন গভর্নর কুউমো

নিউ ইয়র্ক স্টেট-এর 60 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক স্টেট 2020 আদমশুমারি আউটরিচ উদ্যোগের অংশ, 2020 অর্থ বছরের বাজেটে প্রদানকৃত 20 মিলিয়ন ডলারে তাদের শেয়ারের জন্য আবেদন করার উদ্দেশ্যে স্থানীয় সরকারগুলোকে পরিকল্পনার জন্য বলা হয়েছে

পরিকল্পনার জন্য আবেদন চেয়ে স্থানীয়দের কাছে দেয়া চিঠি পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা দিয়েছেন যে স্থানীয় সরকারগুলোও 2020 অর্থ বছরের বাজেটে উপলভ্য করা এবং আসন্ন 2020 মার্কিন যুক্তরাষ্ট্র আদমশুমারিতে প্রতিটি নিউ ইয়র্কবাসীকে গণনা করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য বরাদ্দ দেয়া 20 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলে তাদের অংশের জন্য আবেদন করতে পারবে। তহবিলটি স্টেটের 60 মিলিয়ন মার্কিন ডলারের আউটরিচ উদ্যোগের অংশ যেটিতে কয়েক ডজন স্টেট এজেন্সি এবং সরকারি কর্তৃপক্ষের আউটরিচ সামর্থ্যকে শক্তিশালী করা বিদ্যমান সংস্থান সহ 40 মিলিয়ন মার্কিন ডলারও অন্তর্ভুক্ত।

"এই ফেডারেল প্রশাসন আমাদের অভিবাসী সম্প্রদায়ের মধ্যে আদমশুমারি প্রশ্নপত্র পূরণ করতে বাধা দেওয়ার প্রয়াসে ভীতি সঞ্চার করার সর্বাত্মক চেষ্টা করলেও, প্রতিটি নিউ ইয়র্কবাসীকে গণনা করা হয়েছে তা নিশ্চিত করার জন্য আমরা লড়াই করছি," **গভর্নর কুওমো বলেন।** "স্থানীয় সরকারগুলোর নিকট আমরা এই তহবিলগুলো উপলভ্য করছি এ কারণে যে তাহলে তারা প্রয়োজনীয় বাস্তব-অভিজ্ঞতা থাকা স্থানীয় সংস্থাগুলোর সাথে গণনা করতে সবচাইতে কঠিন আমাদের এমন কমিউনিটিগুলোর সাথে সংযোগ স্থাপন করতে এবং ফেডারেল পর্যায়ে নিউ ইয়র্ক যথাযথভাবে উপস্থাপিত হচ্ছে তা নিশ্চিত করতে কাজ করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেট কমপ্লিট কাউন্ট কমিশন (New York State Complete Count Commission), যেটি গত অক্টোবরে 10টি গণশুনানির আয়োজন করে এবং শতাধিক মন্তব্য, বিশেষজ্ঞের সাক্ষ্য এবং পূর্বের আদমশুমারির ফলাফল গভীরভাবে বিশ্লেষণ করে, সেটি কর্তৃক প্রকাশিত তথ্য ও সুপারিশসমূহের উপর আদমশুমারি গণনায় স্টেটের সমর্থন নির্ভর করে। কমিশন জানতে পেরেছে যে, 2020 সালের আদমশুমারি অভূতপূর্ব চ্যালেঞ্জের সম্মুখীন। প্রথমবারের মত, আদমশুমারি প্রাথমিকভাবে অনলাইনে পরিচালিত হবে, এবং ট্রাম্প

প্রশাসন আদমশুমারিতে কোনো নাগরিকত্বের প্রশ্ন অন্তর্ভুক্ত করার প্রচেষ্টায় ব্যর্থ হলেও, এই প্রচেষ্টা অভিবাসী সম্প্রদায়ের মধ্যে ভীতি ছড়িয়েছে।

ট্রাম্প প্রশাসন ও কংগ্রেস 2020 সালের আগের বছরগুলোতে আদমশুমারি কার্যক্রমকে সম্পূর্ণভাবে অর্থায়ন করতেও ব্যর্থ হয়েছে। এই ব্যর্থতার ফলস্বরূপ, আদমশুমারি ব্যুরো খরচ কমাতে, 2020 সালের আদমশুমারিতে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সরজমিনের কার্যক্রমের দায়িত্ব ফেডারেল সরকার থেকে স্টেট এবং স্থানীয় অংশীদারদের দিকে ঘুরিতে দিতে বাধ্য হয়েছে। নিউ ইয়র্কে মার্কিন যুক্তরাষ্ট্র আদমশুমারি ব্যুরো ফিল্ড অফিসের সংখ্যা 2010 সালের 35টি থেকে কমে 2020 সালে 21টিতে দাঁড়িয়েছে।

2020 সালের অর্থ বছরের বাজেটের মাধ্যমে উপলভ্য করা 20 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে 15 মিলিয়ন মার্কিন ডলার 62টি কাউন্টির সবগুলোর পাশাপাশি বাফেলো, রচেষ্টার, সিরাকিউজ এবং ইয়োনকার্সে বিতরণ করা হচ্ছে। আজ প্রকাশিত আগ্রহের জানানোর অনুরোধের প্রতিক্রিয়া জানানো প্রতিটি এলাকা এরপরে কীভাবে তারা তহবিল ব্যবহার করবে সেটির রূপরেখা প্রদর্শন করে একটি পরিকল্পনা জমা দেবে। 2020 সালের আদমশুমারির প্রশ্নাবলীর ফাইলিংয়ের ফলাফল উপলভ্য হবার সাথে সাথে বাকি আরও 5 মিলিয়ন মার্কিন ডলার নির্দিষ্ট সম্প্রদায়গুলোকে টার্গেট করে সামনের বছরগুলোতে ব্যয় করা হবে।

জনসংখ্যার ঘনত্বের পার্থক্য এবং আউটরিচ লজিস্টিকে এটির প্রভাব হিসাব করার পাশাপাশি, সচেতনভাবে কম গণনার ঝুঁকি হিসেব করার একটি ডাটা-ভিত্তিক পদক্ষেপ রকাফেলার ইন্সটিটিউট অফ গভার্নমেন্টস অ্যাট-রিস্ক কমিউনিটি ইন্ডেক্স (Rockefeller Institute of Government's At-Risk Community Index)-এর উপর ভিত্তি করা ফর্মুলার উপরে নির্ভর করে স্থানীয় সরকারগুলোকে 15 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা হয়েছে। কাউন্টি এবং শহরগুলোর জন্য বরাদ্দ করা তহবিল পাওয়া যাবে এখানে।

স্থানীয়রা কিভাবে তাদের পরিকল্পনার বিকাশ করতে পারে সে সম্পর্কে আরও নির্দেশিকা শীঘ্রই দেয়া হবে। কাউন্টি এবং শহরগুলোর চূড়ান্ত পরিকল্পনা জমা দেওয়ার জন্য 30 দিন সময় রয়েছে এবং তহবিল পুরষ্কার জানুয়ারির শেষ দিকে অনুমোদিত হবে।

2020 সালের অর্থ বছরের বাজেট থেকে প্রাপ্ত 20 মিলিয়ন মার্কিন ডলার স্টেট জুড়ে আদমশুমারি সচেতনতা প্রচারাভিযানে সহায়তা করার উদ্দেশ্যে কয়েক ডজন স্টেট এজেন্সি এবং কর্তৃপক্ষকে দেয়া 40 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দকৃত বিদ্যমান সংস্থানের অতিরিক্ত অংশ।

স্টেটে এই সব সংস্থাসমূহ, যার মধ্যে রয়েছে শ্রম দপ্তর (Department of Labor), মোটর ভেহিকেল (Motor Vehicles), কৃষি ও বাজার (Agriculture and Markets); মানসিক স্বাস্থ্য কার্যালয় (Office of Mental Health), মদ এবং মাদক অপব্যবহার (Alcohol and Substance Abuse) এবং বিকাশ সংক্রান্ত জটিলতা (People with Developmental Disabilities); এম্পায়ার স্টেট উন্নয়ন (Empire State Development); এবং ভেটেরান অ্যাফেয়ার ডিভিশন (Division of

Veterans Affairs), আউটরিচ পরিচালনা করবে এবং তাদের যোগাযোগ থাকা লক্ষ লক্ষ মানুষেকে আদমশুমারি-বিষয়ক তথ্য সরবরাহ করবে। মার্কিন যুক্তরাষ্ট্রের আদমশুমারি ব্যুরো নিউ ইয়র্ক স্টেটের প্রচলিত কথ্য ভাষার গুটি কয়েক অংশের জন্য অনুবাদ সরবরাহ করলেও, স্টেট কর্মীরা ইতোমধ্যেই ল্যাঙ্গুয়েজ লাইন (Language Line) ব্যবহারের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত, যেটি 200টিরও বেশি ভাষায় তাৎক্ষণিক অনুবাদ পরিষেবা সরবরাহ করে। কীভাবে রাষ্ট্র তাদের সম্পদ ব্যয় করবে তার কিছু উদাহরণ দেওয়া যায়, কিন্তু তা শুধু সীমাবদ্ধ নয় এগুলোর মধ্যে:

- শ্রম অধিদপ্তর, যা 9 মিলিয়নের বেশি শ্রমিক, 550,000 ব্যবসায়ীর কাছে পৌঁছাতে পেরেছে এবং 500,000 জন নিউ ইয়র্কবাসীকে সরাসরি সহায়তা দিয়েছে তারা তাদের 96টি কর্মজীবী কেন্দ্রকে (Career Centers) আদমশুমারি সহায়তা কেন্দ্র হিসাবে খুলবে যেখানে জনসাধারণ 2020 সালের আদমশুমারির প্রশ্নমালা অনলাইনে নিরাপদে সম্পন্ন করতে পারবে। ক্যারিয়ার সেন্টার একাধিক ভাষায় ওয়েটিং রুমের টিভি মনিটর, পোস্টার এবং হ্যান্ডআউটেও আদমশুমারির তথ্য প্রদর্শন করবে। এছাড়াও শ্রম দপ্তর ইতিমধ্যে স্টেটের প্রতিটি অন্যান্য এটির দ্বারা আয়োজিত 100-এর বেশি চাকরি মেলা এবং অন্যান্য নিয়োগ অনুষ্ঠানে আদমশুমারি ব্যুরোর চাকরি নিয়ে প্রচারণা চালিয়েছে।

- প্রতিটি নিউ ইয়র্কবাসী স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY)-এর 64টি ক্যাম্পাসের একটির 30 মাইলের মধ্যে বসবাস করে এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) নিউ ইয়র্ক সিটির পাঁচটি বোরো জুড়ে 25টি ক্যাম্পাস যুক্ত করে যার সবগুলোই আউটরিচ উদ্যোগকে সংস্থানের মাধ্যমে সমন্বিত করার সংযোগস্থল হিসেবে কাজ করতে পারে। কমিউনিটি কলেজসহ দুই বিশ্ববিদ্যালয়ের সিস্টেমও তাদের প্রায় 700,000 শিক্ষার্থীর গণনা নিশ্চিত করতে স্টেটের সঙ্গে সহযোগিতা করবে। জনসাধারণের জন্য আদমশুমারি সম্পূর্ণ করতে ব্যবহার করার উদ্দেশ্যে এম্পায়ার স্টেট কলেজ (Empire State College) স্টেট জুড়ে কয়েক ডজন কম্পিউটার ল্যাব খুলবে।

- স্টেট জুড়ে মোটর ভেহিকলস বিভাগের স্টেট পরিচালিত 27টি ডিস্ট্রিক্ট অফিস এবং 94টি কাউন্টি পরিচালিত ফিল্ড অফিস রয়েছে যার মাধ্যমে এটি বার্ষিক প্রায় 12 মিলিয়ন গ্রাহকের কাছে পৌঁছায়। আদমশুমারি সংক্রান্ত তথ্য প্রদর্শিত হবে এবং প্রতিটি স্থানে বিতরণ করা হবে এবং সকল দর্শনার্থীদের সাথে আলোচনায় আদমশুমারির তথ্য প্রচারের জন্য কর্মীদেরকে প্রস্তুত করা হবে। এছাড়াও এটি প্রায় 4 মিলিয়ন ইমেইল ঠিকানার ডেটাবেস ট্যাপ করবে।

এই প্রচেষ্টাগুলো ইতোমধ্যে স্টেট কর্তৃক গৃহীত পদক্ষেপের ভিত্তিতে তৈরি হবে, যা আদমশুমারি ব্যুরোর মাস্টার অ্যাড্রেস ফাইলটিতে 225,000-এর বেশি ঠিকানা যুক্ত করেছে। এছাড়া নিউ ইয়র্ক স্টেট থেকে নেতৃত্বদানের পর স্থানীয় সরকার কয়েকশত ঠিকানার সংযুক্তি এবং সংশোধন করে। এই বহুস্তরীয়, বহু বছরের প্রচেষ্টা আজ জাতিকে নেতৃত্বদানের মত ফলাফল দিতে পেরেছে। গভর্নর কুউমো বেসরকারি খাত থেকে 1.4 বিলিয়ন ডলার পেতে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন যেন নিউ ইয়র্কবাসী উচ্চ গতির ইন্টারনেট পায় যার প্রায় 90 ভাগ ফাণ্ড ইতোমধ্যেই প্রদান করা হয়ে গিয়েছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন